# গ্রেনফেল টাওয়ারের তদন্তে দ্বিতীয় পর্যায়ের প্রতিবেদনের ব্যাপারে কাউন্সিলের প্রতিক্রিয়া

নভেম্বর ২০২৪

THE ROYAL BOROUGH OF
KENSINGTON
AND CHELSEA

# 1. নির্বাহী সারসংক্ষেপ

## ভূমিকা

1 গ্রেনফেল টাওয়ার নিয়ে পরিচালিত তদন্তের দ্বিতীয় পর্যায়ের প্রতিবেদনে বর্ণনা করা হয়েছে যে, ১৪ জুন ২০১৭ তারিখ বুধবার গ্রেনফেল টাওয়ারে সংঘটিত অগ্নিকাণ্ডের আগে, অগ্নিকাণ্ডের সময় এবং তৎ পরবর্তী সময়ে কাউন্সিলের ব্যর্থতা রয়েছে। এতে উল্লেখ করা হয়েছে যে, বাহাত্তর জন মানুষের প্রাণঘাতি এই মর্মান্তিক ঘটনাটি এড়ানো যেত। কাউন্সিল তার কিছু অতি মৌলিক দায়িত্ব পালনে ব্যর্থ হয়েছে - বাসিন্দাদের নিরাপদ রাখা, তাদের উদ্বেগের কথা শোনা ও সেই উদ্বেগ নিরসন করতে কাজ করা এবং দুর্যোগের সময় কার্যকরভাবে প্রতিক্রিয়া জানানো। আমাদের এই ব্যর্থতার জন্য এবং যে ক্ষতি হয়েছে, তার জন্য আমরা নিঃশর্তভাবে ক্ষমা চাইছি।

2 আমরা তদন্তের ফলাফল মেনে নিচ্ছি। উক্ত প্রতিবেদনে বহু ক্ষেত্রে দুর্বলতা থাকার বিষয় চিহ্নিত করা হয়েছে, এর মধ্যে রয়েছে: বাসিন্দাদের প্রতি প্রায় ক্ষেত্রেই অসম্মান ও উদাসীনতার কারণে তাদের সাথে সম্পর্কচ্ছেদ; বিল্ডিং নিয়ন্ত্রণ ও জরুরি পরিকল্পনার মতো সংকটাপন্ন কাজে পেশাদারী দক্ষতার অভাব; এবং নেতৃত্ব ও সুশাসনের ব্যর্থতা।

3 এই ব্যর্থতাগুলি দূরীকরণের জন্য কাউন্সিল ২০১৭ সাল থেকে উল্লেখযোগ্য পরিবর্তন করেছে, গৃহীত এই সব ব্যবস্থাগুলো এই প্রতিবেদনে পরে পুরোপুরি সেট করা হয়েছে। বিশেষত, আমরা যা করেছি তা হলো:

a. তদন্ত প্রতিবেদনের প্রথম পর্যায়ের সুপারিশ বাস্তবায়ন করেছি।

b. বাসিন্দাদের সাথে অধিকতর সরাসরি সম্পর্ক গড়ে তুলতে আবাসন পরিষেবাগুলি আবাসনে ফিরিয়ে আনা সহ আবাসন ব্যবস্থাপনায় বড় পরিবর্তন করেছি।

c. বরো জুড়ে আবাসন ব্যবস্থা উন্নত করার জন্য আমরা আমাদের প্রোগ্রামের একটি মূল অংশ হিসাবে ৩৭৪ মিলিয়ন পাউন্ডের মূলধন ওয়ার্কস প্রোগ্রাম করে সুরক্ষা বলয় তৈরি করেছি।

d. বহিরাগত বিশেষজ্ঞ দিয়ে পরিচালিত অগ্নি ঝুঁকি মূল্যায়ন সহ একটি নিবেদিত ইন-হাউস ফায়ার সেফটি টিম প্রতিষ্ঠা করেছি।

e. আমরা জরুরি অবস্থার জন্য আরও ভালোভাবে প্রস্তুত থাকা নিশ্চিত করার জন্য সম্প্রদায়ের সাথে অংশীদারিত্বের ভিত্তিতে কাজ করে আমাদের রজিলিয়েন্স ফাংশন [সংকট কাটিয়ে পূর্বের স্বাভাবিক অবস্থার কার্যক্রম] শক্তিশালী করেছি।

f. কর্মীদের যথাযথভাবে প্রশিক্ষণ দিয়ে এবং নিরাপত্তাকে অগ্রাধিকার দেওয়ার জন্য বিল্ডিং নিয়ন্ত্রণ ব্যবস্থায় উল্লেখযোগ্য পরিবর্তন এনেছি।

g. টেন্যান্ট কনসাল্টেটিভ কমিটি [ভাড়াটেদের পরামর্শমূলক কমিটি] এবং অন্যান্য ফোরামের মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় বাসিন্দাদের জড়িত করার ব্যবস্থা করেছি।

h. জনসাধারণের অংশগ্রহণের জন্য একটি চার্টার তৈরি করেছি, এতে বাসিন্দারা সিদ্ধান্ত গ্রহণে কীভাবে জড়িত হবেন, তা দেখা যাবে।

i. নির্বাচিত সদস্য ও জনসাধারণকে কর্পোরেট পারফরম্যান্স এবং কাউন্সিলের প্রতিশ্রুতির অগ্রগতি সম্পর্কে নিয়মিত রিপোর্ট করা নিশ্চিত করা হয়েছে।

4 দ্বিতীয় ধাপের প্রতিবেদন প্রকাশের পর থেকে শোকাহত ব্যক্তি, বেঁচে যাওয়া ব্যক্তি এবং সম্প্রদায়ের সাথে আমাদের যে কথোপকথন হয়েছে, তাতে দেখা যায় যে, ২০১৭ সাল থেকে আমরা যে পরিবর্তনগুলি করেছি - তা পর্যাপ্ত বাসিন্দা দেখতে এবং অনুভব করতে পারেননি। আমরা শোকসন্তপ্ত পরিবার, বেঁচে যাওয়া লোকজন এবং বাসিন্দাদের কাছ থেকে সুরক্ষা, আমাদের পরিষেবার মান, সামাজিক ও জাতিগত বৈষম্য এবং আমাদের শোনা ও শেখার ইচ্ছা সম্পর্কে সরাসরি তাদের উদ্বেগ শুনেছি। কেউ কেউ মনে করেন যে পরিস্থিতি আরও খারাপ হয়েছে এবং অন্যরা কাউন্সিলের পরিবর্তনের ক্ষমতার উপর বিশ্বাস হারিয়ে ফেলেছেন।

5 তদন্তের ফলাফলের জবাবস্বরূপ, আমাদেরকে অবশ্যই কেবল ক্রিয়া এবং প্রতিশ্রুতিগুলি তালিকাভুক্ত করলেই চলবে, তার চেয়ে আরও বেশি কিছু করতে হবে। আমাদেরকে বুঝতে হবে, আমরা কেন এবং কীভাবে ব্যর্থ হলাম। প্রাপ্ত প্রমাণ থেকে দেখা যায় যে, কাউন্সিল জনসাধারণের কর্তৃপক্ষ হিসাবে মাঝে-মধ্যে কাউন্সিলের মৌলিক উদ্দেশ্য থেকে তার দৃষ্টি সরিয়ে ফেলেছিল - আমাদের বাসিন্দাদের, বিশেষত যারা আমাদের উপর সবচেয়ে নির্ভরশীল। আমরা বাসিন্দাদের কথা শুনতে এবং তাদের জীবনকে প্রভাবিত করে - এমন সিদ্ধান্তে তাদেরকে জড়িত করতে ব্যর্থ হয়েছি; আমাদের যথাযথ তদারকি ও জবাবদিহিতার অভাব ছিল; এবং আমরা মানুষকে সুরক্ষিত রাখার জন্য পেশাদারী মান এবং প্রযুক্তিগত দক্ষতা বজায় রাখিনি। অতএব, আমাদের প্রতিক্রিয়া তিনটি মূল নীতির উপর নির্মিত, যা এই ব্যর্থতাগুলিকে সরাসরি সমাধান করবে:

6 **বাসিন্দার ক্ষমতা এবং অংশগ্রহণ** – আমরা স্বীকার করি যে, আমাদের সম্প্রদায়ের সাথে সত্যিকারের অংশীদারিত্বের মাধ্যমেই কেবল স্থায়ী পরিবর্তন আসতে পারে। এর অর্থ হলো, বাসিন্দাদের সাথে কেবল পরামর্শ করার মধ্যে সীমাবদ্ধ না থেকে, তার বাইরে গিয়ে আমরা যা করি এবং যেভাবে করি, তা রূপায়িত করার জন্য আমরা তাদের অভিজ্ঞতা এবং দক্ষতা কাজে লাগানোর উপায়গুলি সন্ধান করতে পারি। এর মধ্যে রয়েছে কমিউনিটি কর্তৃক নির্বাচিত, বিশেষত উত্তর কেনসিংটনে জন নির্বাচিত ওয়ার্ড কাউন্সিলরদের সাথে কাজ করার জন্য নতুন, অধিকতর অন্তর্ভুক্তিমূলক উপায় সৃষ্টি করা। এটি করার মাধ্যমে, আমরা কাউন্সিল ও যাদের জন্য কাউন্সিল সেবা দানে নিয়োজিত – সেই লোকজনের মধ্যে সম্পর্ক পুনর্নির্মাণ করার লক্ষ্য রাখি।

7 **স্বাধীন চ্যালেঞ্জ এবং তদারকি** – আমরা আমাদের নিজস্ব অগ্রগতির একমাত্র বিচারক হতে পারি না। আমাদের ব্যর্থতার প্রভাব এবং আনুপাতিভাবে বিশ্বাস ভঙ্গ হওয়ার পরিপ্রেক্ষিতে, বাহ্যিক তদন্ত এবং চ্যালেঞ্জগুলি অবশ্যই আমাদের পদ্ধতির মধ্যে তৈরি করতে হবে। এর মধ্যে রয়েছে বিধি মোতাবেক আগেভাগে সক্রিয় হয়ে নিয়ন্ত্রণ ও পরিদর্শনে সম্পৃক্ত হওয়া, অভ্যন্তরীণ এবং বাহ্যিক নিরীক্ষাকে এমনভাবে ব্যবহার করা - যাতে জনসাধারণের আস্থা অর্জন করতে পারে এবং স্বাধীন তদারকি ও যাচাইয়ের নতুন উপায়গুলো গ্রহণ করা। আমাদেরকে অবশ্যই চ্যালেঞ্জে মোকাবেলার জন্য প্রস্তুত থাকতে হবে এবং এই দৃষ্টিভঙ্গির ভিত্তিতে গতিপথ পরিবর্তন করতে ইচ্ছুক হতে হবে।

8 **উচ্চ মান এবং প্রযুক্তিগত শ্রেষ্ঠত্ব** – আমরা আমাদের বাসিন্দাদের জন্য স্বতন্ত্র পেশাদারী দক্ষতা ও সমষ্টিগত পরিষেবার বৈশিষ্ট্য সর্বোচ্চ মানের উপর প্রতিষ্ঠিত একটি সংস্থা হতে প্রতিশ্রুতিবদ্ধ। অর্থাৎ নিয়োগ, প্রশিক্ষণ ও উন্নয়নের মাধ্যমে আমাদের জনশক্তিতে বিনিয়োগ করা; স্পষ্ট মান এবং শক্তিশালী কর্মক্ষমতাসম্পন্ন ব্যবস্থাপনা প্রতিষ্ঠা করা; এবং এমন সিস্টেম তৈরি করা - যাতে দক্ষতা ও যোগ্যতাকে সমর্থন করে এবং পুরস্কৃত করে। আমাদেরকে অবশ্যই এমন একটি সংস্কৃতি তৈরি করতে হবে, যেখানে কোন ধরনের আপস না করে গুনগতমান সমুন্নত রাখা হয়, যেখানে প্রকল্প ও অগ্রাধিকার বিবেচনায় রেখে অব্যাহত প্রচেষ্টা চালিয়ে, গতি এবং প্রয়োজনীয়তার সাথে কাজগুলো সম্পন্ন করা হয়, এছাড়া এক্ষেত্রে সুবিধা ও ব্যয়ের চেয়ে নিরাপত্তা, কৈফিয়ত দেওয়া এবং গুণমানকে অগ্রাধিকার দেওয়া হবে।

9 যে ক্ষতি হয়েছে, আমরা সেই ক্ষতির পূর্বাবস্থায় ফিরে যেতে পারব না, তবে উপরে বর্ণিত সংস্কৃতির মতো সংস্কৃতি তৈরি করে আমরা গ্রেনফেল ঘটনার উত্তরাধিকারি প্রতিষ্ঠা করতে পারবো, যাতে নিহতদের স্মৃতিকে সম্মান করা হয়।

# দশটি মূল থিম [বিষয়বস্তু]

10 ঐসব নীতিমালায় পরিচালিত, এই প্রতিক্রিয়া ১০টি ক্ষেত্রে কর্ম নির্ধারণ করা হয়েছে। তদন্তে চিহ্নিত নির্দিষ্ট ব্যর্থতা, ২০১৭ সাল থেকে কাউন্সিল সাধিত পরিবর্তন, অবশিষ্ট গ্যাপ ও দুর্বলতার বিষয়ে আমাদের মূল্যায়ন এবং সেগুলো সমাধানে আমরা যে প্রতিশ্রুতি দেব, এগুলোর প্রতিটি ক্ষেত্রে আমরা বিশদ বিবরণ দিয়েছি। গৃহীত ঐসব পদক্ষেপগুলো হলো:

## 11 কাউন্সিলের বাড়িগুলি নিরাপদ কিনা তা নিশ্চিত করা

a. কাউন্সিল কর্তৃক ব্যবহৃত গ্রেনফেল টাওয়ার অগ্নিকাণ্ডের জন্য দায়ী মালামাল ও ঠিকাদারদের উপর আমাদের বিদ্যমান নিষেধাজ্ঞা শক্তিশালী করব এবং বিল্ডিংয়ের উচ্চতা নির্বিশেষে কাউন্সিলের সব নির্মাণ ও পুনর্নির্মাণ প্রকল্পের জন্য বাহ্যিক দেয়ালগুলোতে কোন দাহ্য পদার্থ ব্যবহারের উপর সম্পূর্ণ নিষেধাজ্ঞা বজায় রাখব।

b. আমরা ঝুঁকিপূর্ণ বাসিন্দাদের তথ্য বিভিন্ন বিভাগের মধ্যে শেয়ার করে নেওয়ার জন্য একটি নতুন প্রোটোকল বাস্তবায়ন করব, যাতে তাদের ব্যক্তিগত ঝুঁকি মূল্যায়ন করা যায় ও জরুরী পরিস্থিতিতে তাদেরকে বের হয়ে যাওয়ার পরিকল্পনা দেওয়া যায় এবং ঐ জরুরি পরিস্থিতিতে সঠিকভাবে সহায়তা করা যায়।

c. আমরা সমীক্ষা, ফোকাস গ্রুপ এবং অন্যান্য গুণগত মানসম্পন্ন গবেষণা পদ্ধতির মাধ্যম সহ দুর্বল বাসিন্দাদের সাথে তাদের আবাসন সুরক্ষার অভিজ্ঞতা সম্পর্কে সরাসরি কথা বলব এবং তাদের কাছ থেকে আমরা যা শুনবো, সেই অবস্থার প্রেক্ষিত অনুযায়ী কাজ করব।

d. আমরা আমাদের বিদ্যমান অগ্নি সুরক্ষা উপকরণগুলো একাধিক ভাষায় লিখে সব বাসিন্দাদের কাছে অ্যাক্সেসযোগ্য রাখা নিশ্চিত করবো।

## 12 অধিকতর ভালো বাড়িওয়ালা হিসাবে

a. আমরা কেনসিংটন এবং চেলসিতে আবাসন সেবা গ্রহণ ও প্রদানের জন্য জীবন্ত বাস্তবতাগুলো অন্বেষণ করতে, প্রতিবন্ধকতা ও মূল সমস্যা বুঝতে এবং সমাধান শনাক্ত করতে বাসিন্দা ও হাউজিং কর্মীদের সাথে সহযোগিতামূলকভাবে কাজ করব।

b. আমরা ভাড়াটিয়া, ইজারাদার এবং অস্থায়ী আবাসনের বাসিন্দাদের অভিযোগ করার জন্য আমাদের সহায়তা প্রদান উন্নত করব।

c. আমরা সমতার প্রভাব মূল্যায়ন, সুরক্ষিত বৈশিষ্ট্যের মতো একইভাবে আবাসন মেয়াদকে বিবেচনা করার মাধ্যমে সামাজিক ভাড়াটে [সোশ্যাল টেন্যান্ট] ও অস্থায়ী বাসস্থানের বাসিন্দাদের উপর নতুন নীতির সুনির্দিষ্ট প্রভাবগুলো নিয়মিতভাবে কাউন্সিলের সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে বিবেচনা করবো।

d. আমরা হাউজিং এবং অন্যান্য বিভাগের মধ্যে আরও কার্যকর কাজের সম্পর্ক তৈরি করব, যাতে ভাড়াটে, ইজারাদার এবং অস্থায়ী আবাসনের বাসিন্দারা কাউন্সিল প্রদত্ত বা কমিশন করা পরিষেবাগুলোর সুবিধা অনুভব করতে পারেন এবং আরও বিপত্তিবিহীন অভিজ্ঞতা অর্জন করতে পারেন।

## 13 পুনর্গঠন বিশ্বাস

**a.** আমরা বাসিন্দাদের সাথে ভেঙে পড়া সম্পর্ক পুনরুদ্ধারের লক্ষ্যে বিরোধ প্রক্রিয়া ও সমাধানে মধ্যস্থতার জন্য স্বাধীন তৃতীয় পক্ষ ব্যবহার করা সহ নিয়মিত পুনরুদ্ধারমূলক পদ্ধতি ব্যবহার করব।

**b.** গ্রেনফেল ট্র্যাজেডির পর থেকে নেওয়া সিদ্ধান্তগুলোর বিষয়ে আমরা একসাথে প্রতিফলিত করার উপায় খুঁজে বের করব, যে ক্ষতি হয়েছে - তা স্বীকার করব এবং ভবিষ্যতের সিদ্ধান্ত গ্রহণের ফলে যাতে আরও বিভাজন তৈরি না হয়, তা নিশ্চিত করার জন্য ভুল থেকে শিক্ষা নেব।

**c.** আমরা তথ্য এবং পারফরম্যান্স ডেটা খোলাখুলি ও স্বচ্ছভাবে শেয়ার করব, যখন কোন ভুল হবে - তখন সততার সাথে খোলাখুলিভাবে স্বীকার করবো এবং কঠিন সিদ্ধান্তের মুখোমুখি হলে স্বাধীন পর্যালোচনা, চ্যালেঞ্জ এবং আবাসিক বাসিন্দাদের পরামর্শ প্রদানের জন্য আমন্ত্রণ জানাব।

**d.** সিনিয়র নেতারা যাতে উন্মুক্ত অধিবেশন, এস্টেট ওয়াক এবং অনানুষ্ঠানিক সভার মাধ্যমে সম্প্রদায়ের সাথে নিয়মিত সরাসরি যোগাযোগ বজায় রাখেন – তা নিশ্চিত করব, বিশেষত তারা সামাজিক আবাসিক বাসিন্দা এবং এমন এলাকায় মনোনিবেশ করবেন, যেখানে আস্থা পুনর্নির্মাণের প্রয়োজন।

## 14 বিল্ডিং কন্ট্রোল এবং নিরাপত্তার গুণগত মান

**a.** বিল্ডিং কন্ট্রোল কর্মীরা যাতে শতকরা একশ ভাগ প্রয়োজনীয় পেশাদারি স্বীকৃতি প্রাপ্ত হন ও প্রশিক্ষণ গ্রহণ সম্পন্ন করেন এবং সিনিয়র ম্যানেজমেন্টকে নিয়মিত অগ্রগতি রিপোর্ট প্রদান করেন - তা নিশ্চিত করতে আমরা প্রতিশ্রুতিবদ্ধ।

**b.** জাতীয় বিল্ডিং নিয়ন্ত্রণ খাতের পর্যালোচনায় আমরা সরকারকে সহায়তা করব এবং যত তাড়াতাড়ি সম্ভব সংস্কার ও সুপারিশমালা বাস্তবায়নের জন্য প্রস্তুত থাকব।

## 15 জরুরি পরিস্থিতি মোকাবেলায় প্রস্তুতি এবং প্রতিক্রিয়া

**a.** আমরা তদন্তের সমস্ত সুপারিশ বাস্তবায়ন করব:

- **i.** সব কর্মীদেরকে তাদের মূল দায়িত্বের অংশ হিসাবে স্থিতিস্থাপকতা বিবেচনা করার জন্য প্রশিক্ষণ দেওয়া এবং নিয়মিত চর্চা করা নিশ্চিত করা
- **ii.** জরুরী পরিস্থিতিতে ব্যবহৃত তথ্য সংগ্রহের যেসব সিস্টেম আছে, সেগুলো তাদের উদ্দেশ্যের জন্য উপযুক্ত হওয়া নিশ্চিত করার জন্য পর্যালোচনা করা
- **iii.** যত তাড়াতাড়ি সম্ভব বাস্তুচ্যুত বাসিন্দাদের প্রয়োজন মেটাতে তাদের থাকার জায়গা খুঁজে পাওয়া নিশ্চিত করার জন্য আমাদের জরুরি আবাসন পরিকল্পনা উন্নত করা
- **iv.** যোগাযোগের চ্যানেল ও বিশ্রাম কেন্দ্রগুলো যাতে সঠিক ও সময়োপযোগী তথ্য সরবরাহের জন্য সজ্জিত থাকে, তা নিশ্চিত করা

**b.** আমরা সব সিনিয়র অফিসারের চুক্তি এবং কাজের বিবরণে নির্দিষ্ট রেজিলিয়েন্স [কঠিন কাজ সফলতার সাথে সমাধা করা] দায়িত্বগুলো অন্তর্ভুক্ত করব এবং তারা যাতে কঠোর দক্ষতার প্রয়োজনীয়তা পূরণ করতে পারেন, তা নিশ্চিত করব। এছাড়া সব সিনিয়র স্তরের চাকরিতে নিয়োগের ক্ষেত্রে রেজিলিয়েন্সের মানদণ্ড প্রবর্তন করব।

**c.** আমরা আমাদের জরুরি পরিকল্পনা কার্যক্রমের ব্যাপক পর্যালোচনা করব, যাতে এটি ১ নং ক্যাটাগরির জবাব হিসাবে কাউন্সিলকে সহায়তা করার জন্য উপযুক্ত হয়।

**d.** আমরা আমাদের বাসিন্দা, স্থানীয় স্বেচ্ছাসেবী সংস্থা এবং ওয়ার্ড কাউন্সিলরদের সাথে কাজ করার উপায়গুলো শক্তিশালী করার মাধ্যমে কমিউনিটির সাথে আমাদের অংশীদারিত্ব আরও গভীর করব।

## 16 আমাদের কমিউনিটিকে বুঝতে পারা

**a.** আমরা বাসিন্দা, বিশেষত জাতিগত নৃগোষ্ঠী জাত বৈচিত্র্যময় বাসিন্দা এবং প্রতিবন্ধী বাসিন্দাদের চাহিদা ও বাস্তব অভিজ্ঞতা সম্পর্কে প্রাপ্ত শক্তিশালী তথ্যের সহায়তায় সমতা, বৈচিত্র্য এবং অন্তর্ভুক্তিমূলক হওয়ার জন্য ক্রস-কাউন্সিল পদ্ধতি বিকাশের জন্য নতুন ফেয়ার অ্যাকশন প্ল্যান ব্যবহার করব।

**b.** আমরা সমতার প্রভাব মূল্যায়নের জন্য আমাদের পদ্ধতির সম্পূর্ণ পর্যালোচনা করব, যার মধ্যে বাসিন্দাদের চাহিদা ও অভিজ্ঞতার উপর আরও বেশি ফোকাস করবো এবং পর্যালোচনা ও পর্যবেক্ষণের জন্য আরও শক্তিশালী পদ্ধতি অন্তর্ভুক্ত করবো।

**c.** আমরা কাউন্সিলের চাকরিতে আমাদের স্থানীয় বাসিন্দাদের সংখ্যা বাড়ানোর জন্য আরও পদক্ষেপ গ্রহণ করবো, এছাড়া আমাদের কমিউনিটির আরও ভালো ও অধিকতর গতিশীল বোঝাপড়া তৈরি করার জন্য আরও পদক্ষেপ গ্রহণ করবো।

**d.** আমরা আমাদের সিনিয়র অফিসারগণ যাতে নিয়মিত সার্জারি, জনসভা ও অন্যান্য ফোরামের মাধ্যমে কমিউনিটি, বিশেষত নর্থ কেনসিংটনে আরও বেশি রুটিন কাজে উপস্থিত হন, তা নিশ্চিত করব।

**e.** আমরা উত্তর কেনসিংটন এবং বারার অন্যান্য বঞ্চিত অঞ্চলের বাসিন্দাদের জীবনযাত্রার অভিজ্ঞতা সম্পর্কে আরও ভাল ধারণা তৈরির জন্য সব কাউন্সিলরদেরকে প্রদত্ত প্রশিক্ষণ পর্যালোচনা করব।

## 17 অংশীদারিত্ব এবং চুক্তি পরিচালনা করা

**a.** সব বড় বড় সিদ্ধান্তের জন্য সুরক্ষা মূল্যায়নের প্রয়োজনীয়তা, চুক্তিতে সুরক্ষার প্রয়োজনীয়তা বাড়ানো এবং সুরক্ষার বিষয়ে উদ্বেগ উত্থাপন ও ঊর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক ব্যবস্থা নেওয়ার জন্য সুপারিশের সুস্পষ্ট পদ্ধতি তৈরি করে আমরা যেভাবে চুক্তিগুলো পরিচালনা করবো, তার কেন্দ্রবিন্দুতে সুরক্ষার ব্যবস্থা রাখবো।

**b.** নতুন চুক্তির ব্যবস্থাপনা কাঠামো বাস্তবায়নে, পদ্ধতিগতভাবে সম্পাদিত কাজের ডেটা ট্র্যাক করে এবং ঠিকাদাররা কতটুকু ভালোভাবে সার্ভিস দিচ্ছেন, সেই সব বিষয়ে নিয়মিত প্রতিবেদন দিয়ে আমরা যেভাবে ঠিকাদারের কর্মক্ষমতা পর্যবেক্ষণ করি, তাতে আমরা আরও কঠোর হব।

**c.** কর্পোরেট রেসিডেন্ট প্রকিউরমেন্ট প্যানেল তৈরি করে, বাসিন্দাদের অর্থবহভাবে অংশগ্রহণে সহায়তা করার জন্য প্রশিক্ষণ প্রদান এবং কাউন্সিল-ব্যাপী ক্রয় প্র্যাকটিসে বাসিন্দাদের দৃষ্টিভঙ্গি এবং অভিজ্ঞতা অবহিত করা হয়েছে, তা নিশ্চিত করে আমরা যেভাবে ঠিকাদারদের নির্বাচন ও পরিচালনা করি, সেই বিষয়ে বাসিন্দাদের সত্যিকার অর্থে বক্তব্য প্রদানের সুযোগ দেব।

**d.** কমিটিগুলো নিয়মিত নিরাপত্তা- সংকট এবং উচ্চ-ঝুঁকিপূর্ণ চুক্তিগুলো পরীক্ষা করবে, আরও ঘন ঘন অডিট করবে এবং ঠিকাদারদের কার্যসম্পাদনের তথ্য জনসমক্ষে উপলভ্য রেখে আমরা চুক্তিগুলোর তত্ত্বাবধান এবং যাচাই জোরদার করবো।

## 18 দক্ষ ও পেশাদার কর্মী বাহিনী

**a.** প্রযুক্তিগত দক্ষতা, নিরাপত্তা সচেতনতা, পাবলিক সার্ভিস [জন-পরিষেবা] এবং মানবতার উপর বিশেষ ফোকাস রেখে তদন্তের ফলাফলের আলোকে আমরা যেভাবে কর্মীদের নিয়োগ, পদায়ন, প্রশিক্ষণ এবং কর্মসম্পাদন পরিচালনা করি, তার একটি ব্যাপক ভিত্তিক পর্যালোচনা করবো। আমরা সমগ্র কর্মশক্তিতে উচ্চ গুনগত মান কার্যকর করব, এবং যেক্ষেত্রে এই গুণগত মান পূরণ করা হবে না, সেক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা নেব।

**b.** সব কর্মীদের যোগ্যতা ও প্রশিক্ষণ ট্র্যাক করার জন্য আমরা নতুন সিস্টেম ব্যবহার করবো, আবশ্যিক শর্ত এবং পেশাদারি রেজিস্ট্রেশনের বিষয়টির স্পষ্ট তদারকি সহ দক্ষতার সর্বোচ্চ গুনগত মান বজায় রাখা নিশ্চিত করবো।

**c.** আমরা আমাদের স্টাফ নিয়োগ, পরিষেবার গুণগত মানের বিকাশ এবং কর্মীরা যেভাবে কার্য সম্পাদন করে, সেই বিষয়ে বাসিন্দাদের ফিডব্যাক প্রদানের মাধ্যমে আমাদের কর্মশক্তি গঠনে তাদেরকে অর্থবহ ভূমিকা রাখার ব্যবস্থা করবো।

**d.** আমরা প্রশিক্ষণ সমাপ্তির ত্রৈমাসিক পর্যালোচনা, নিয়মিত দক্ষতা নিরীক্ষা এবং বিশেষজ্ঞ ভূমিকার জন্য সাকসেশন প্ল্যানের মাধ্যমে কর্মশক্তি বিকাশে সিনিয়র ম্যানেজমেন্ট তদারকি নিশ্চিত করব, এটিকে সরাসরি আমাদের পরিষেবা পরিকল্পনার সাথে সংযুক্ত করবো।

## 19 পরিচালন পদ্ধতি ও তত্ত্বাবধান

**a.** আমরা সেন্টার ফর গভর্নেন্স অ্যান্ড স্ক্রুটিনির ২০১৯ সালের পর্যালোচনার সুপারিশগুলোর বিপরীতে অগ্রগতি যাচাই করতে বাসিন্দা ও নির্বাচিত সদস্যদের সাথে কাজ করব, এবং আমরা নিশ্চিত করব যে, তারা পরিচালন পদ্ধতির ক্ষেত্রে আমাদের নির্ধারিত দিকনির্দেশনা অব্যাহত রেখেছে।

**b.** আমরা বর্ধিত পদ্ধতিগত প্র্যাকটিস প্রশিক্ষণ, মেন্টরিং প্রোগ্রাম এবং বিষয়মুখী পারফরম্যান্সের মাধ্যমে আমাদের নেতৃত্বের সংস্কৃতির রূপান্তর ঘটাবো, যা বাসিন্দাদের সাথে আরও ভালো সম্পর্ক গড়ে তোলায় অগ্রাধিকার দেবে।

**c.** সিদ্ধান্ত গ্রহণ এবং অগ্রগতি পরিমাপ করতে আমাদের সার্ভিস ও কমিউনিটি সম্পর্কে সঠিক তথ্য সংগ্রহ, বিশ্লেষণ এবং ব্যবহার করার জন্য আমরা একটি ব্যাপক-ভিত্তিক ডেটা কৌশল তৈরি করবো।

## 20 বাসিন্দাদের কথা শোনা

**a.** আমরা বাসিন্দাদের অভিজ্ঞতা, পরিষেবার গুণগত মান প্রয়োগ করে এবং ক্ষতিপূরণ দান ও প্রতিকারের উপায়ের উপর দৃষ্টি নিবদ্ধ করে কাউন্সিলের অভিযোগ প্রক্রিয়ার পূর্ণাঙ্গ, প্রথম থেকে শেষ পর্যায় পর্যন্ত পর্যালোচনা করবো। এটিতে অভিযোগের স্বাধীন তদারকি এবং বাসিন্দাদের অভিযোগ করার জন্য শাস্তি দেওয়ার বিষয়ে উদ্বেগের অপশন অন্বেষণ করা এর অন্তর্ভুক্ত থাকবে।

**b.** কেসওয়ার্কের মূল প্রবণতা ও সমস্যা এবং স্থানীয় উত্থিত সমস্যাগুলো চিহ্নিত করতে সাহায্য করার জন্য আমরা ওয়ার্ড কাউন্সিলরদের (বিশেষ করে সামাজিক বঞ্চনার ক্ষেত্রগুলিতে) সাথে অতিরিক্ত সিনিয়র অফিসারের যোগদান নিশ্চিত করব।

**c.** সিদ্ধান্ত গ্রহণ ক্ষমতা শেয়ার করায় প্রতিফলন ঘটাতে, অধিকতর অংশগ্রহণমূলক পদ্ধতির দিকে অগ্রসর হওয়ার মানসে এবং চলমান পর্যবেক্ষণ ও তদারকির প্রক্রিয়া বিবেচনা করতে আমরা চার্টার ফর পাবলিক পারটিসিপেশন এন্ড সিটিজেন প্যানেল [জনসাধারণের অংশগ্রহণের সনদ এবং নাগরিক প্যানেল] সম্পূর্ণভাবে পর্যালোচনা করার জন্য বাসিন্দাদের সাথে কাজ করবো।

**d.** আমরা একসাথে অধিকতর কাজ করতে এবং যুক্ত হতে অন্যান্য অংশগ্রহণমূলক পদ্ধতি নিয়ে গবেষণা করব (যেমন সম্প্রতি অস্থায়ী বাসস্থানের বাসিন্দাদের সাথে 'লেগিসলেটিভ থিয়েটার' পদ্ধতি ব্যবহার করা হয়েছে)।

# কাউন্সিলের সংস্কৃতি এবং বাসিন্দাদের সাথে সম্পর্ক

21 আমরা গত মাসে বাসিন্দাদের সাথে এই ১০টি থিম নিয়ে আলোচনা করেছি এবং তদন্তে চিহ্নিত নির্দিষ্ট ব্যর্থতার প্রমাণ শেয়ার করেছি। এছাড়া আমরা যেসব পরিবর্তন সাধন করেছি, তার সংক্ষিপ্তসার এবং প্রতিটি ক্ষেত্রে উন্নতি করার পক্ষে কিছু প্রাথমিক ধারণাও আমরা বাসিন্দাদের সাথে শেয়ার করেছি। আমরা যেসব পরিবর্তন সাধন করেছি, তা কিছু বাসিন্দা দেখেছেন এবং অনুভব করেছেন, তবে অনেকে আমাদেরকে বলেছেন যে, তারা তা দেখেননি বা অনুভব করেননি, বা তারা তাদের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়গুলো সমাধান করতে ব্যর্থ।

22 বাসিন্দাদের আবাসন ও অন্যান্য পরিষেবাদি ক্রমাগত খারাপ হওয়ার অভিজ্ঞতা, নির্বাচিত সদস্য ও কর্মকর্তাদের মনোভাব এবং আচরণ, জাতিগত ও সামাজিক বৈষম্য এবং বাসিন্দা ও তাদের নির্বাচিত প্রতিনিধিদের সাথে ক্ষমতা এবং সিদ্ধান্ত গ্রহণে অনীহা সম্পর্কে বাসিন্দারা উদ্বেগ প্রকাশ করেছেন। কেউ কেউ আমাদের বলেছেন যে, কাউন্সিল তাদের সম্পর্কে যথেষ্ট যত্নশীল নয় এবং তারা বৈষম্যের শিকার বলে তারা মনে করেন।

23 বাসিন্দাদের এই অভিজ্ঞতাগুলো তদন্তে চিহ্নিত মৌলিক সমস্যাবলীকে প্রতিফলিত করে। পূর্বে গ্রেনফেলের বাসিন্দাদের মতামতকে উপেক্ষা করা হয়েছিল বা হ্রাস করে দেখা হয়েছিল, তাদের প্রতিদিনের উদ্বেগকে অবজ্ঞা করা হয়েছিল ও একপাশে ফেলে রাখা হয়েছিল এবং তাদের প্রাপ্য সৌজন্য ও শ্রদ্ধার সাথে তাদের সাথে আচরণ করা হয়নি। আমরা যে পরিবর্তনগুলো করেছি, তা সত্ত্বেও বাসিন্দারা আমাদের বলছেন যে, এই মৌলিক সমস্যাগুলো অব্যাহত রয়েছে এবং আমাদেরকে তারা সামাজিক আবাসনে মানুষের সাথে আচরণ এবং জাতিগত, প্রতিবন্ধীত্ব ও সামাজিক বৈষম্যের প্রশ্নগুলো প্রতিফলিত করতে বলেছে।

24 বাসিন্দাদের সাথে সভায় কাউন্সিল ও আমাদের কিছু কমিউনিটির মধ্যে - বিশেষত নর্থ কেনসিংটনের কমিউনিটির মধ্যে অনেক ব্যবধান এবং কাউন্সিলের প্রতি তাদের আস্থা হারানোর বিষয়টি তুলে ধরা হয়। শোকাহত লোকজন, ভুক্তভোগী, বাসিন্দা এবং নির্বাচিত সদস্যরা এই বিষয়গুলো উত্থাপনের ঘটনা এই প্রথম নয় বলে জানান, তবে তদন্ত প্রতিবেদন প্রকাশিত হওয়ার পর থেকে আলাপ-আলোচনায় এই বিষয়গুলোকে আরও তীক্ষ্ণভাবে ফোকাসে নিয়ে এসেছে। বাসিন্দারা আমাদেরকে বিশ্বাসের বিষয়টি বিবেচনা করতে বলেছেন এবং ব্যক্তিকেন্দ্রিক চ্যালেঞ্জ ও তদারকির উপায়গুলো গ্রহণ করতে বলেছেন।

25 তাই আমরা এই কাউন্সিলের সংস্কৃতি পর্যালোচনার জন্য **একটি স্বাধীন এক্সটারনেল পর্যালোচনা কমিশন গঠন করার প্রস্তাব করছি।** তারা (কাউন্সিলের বাসাবাড়ি ও অস্থায়ী বাসস্থান এবং অন্যান্য - যাদের কাউন্সিলের সহায়তা পাওয়া প্রয়োজন, তাদের উপর বিশেষ মনোযোগ দিয়ে) প্রাথমিকভাবে আমাদের বাসিন্দাদের সাথে আমাদের সম্পর্ক যাচাই করবে। এই পর্যালোচনার সুযোগে নির্বাচিত সদস্য ও বাসিন্দাদের সাথে আলোচনা করে সম্মত হবে এবং আজ অবধি কমিউনিটির ফিডব্যাকের ভিত্তিতে প্রাপ্ত জাতিগত ও সামাজিক বৈষম্যের প্রশ্নগুলো বিবেচনা করবে।

26 কাউন্সিলে আমরা কী ধরনের সংস্কৃতি চাই, তা নির্ধারণ করতে বাসিন্দারা বলেছেন। আমরা ন্যায়পরায়ণতা, শ্রদ্ধা ও মানবিকতার ভিত্তিতে একটি সাংগঠনিক সংস্কৃতি গড়ে তুলতে চাই। আমরা চাই কাউন্সিলের উপর নির্ভরশীলদের পটভূমি যাই হোক না কেন - তাদের কথা শোনা, কথা বুঝা, ও তাদের যত্ন নেওয়া। আমরা বাসিন্দাদের সাথে, বিশেষত আমাদের সামাজিক আবাসন বা অস্থায়ী বাসস্থানে বসবাসকারী লোকদের সাথে দৃঢ় সম্পর্ক গড়ে তুলতে চাই। আমরা এটাই চাই যে, গ্রেনফেলের কাছ থেকে স্থায়ী উত্তরাধিকার কাউন্সিলে থাকুক।

# মনিটরিং ও জবাবদিহিতা

27 তিন মাসের মধ্যে সাড়া দেওয়া একটি উচ্চাভিলাষী উদ্যোগ ছিল, তবে গ্রেনফেলের দুর্ঘটনা থেকে শিক্ষা নেওয়ার জন্য কাউন্সিলের আন্তরিক প্রতিশ্রুতি প্রমাণের উদ্দেশ্যে এই উদ্যোগ নেওয়া হয়েছিল। কখনও কখনও এই সব প্রস্তাব সম্পূর্ণরূপে প্রণয়নে আমাদের ক্ষমতাকে সীমাবদ্ধ করেছে, যেগুলো কাউন্সিল ও এর সব কমিউনিটি কর্তৃক যথাযথভাবে পূর্ণাঙ্গ পরামর্শ করা ও বিবেচনা করার প্রয়োজন হবে। আমরা ২০২৫ সালের প্রথম দিকে আরও বিস্তারিত কর্মপরিকল্পনা প্রকাশ করব, যা সময়সীমা, ভূমিকা এবং দায়িত্ব নির্ধারণ করবে।

28 আমাদের সাড়া দেওয়ার বিষয়টি বাসিন্দাদের কাছে চলমান খোলামেলা ও জবাবদিহিতার সর্বোচ্চ গুণগত মান বজায় রাখাও দাবি করে। অগ্রগতি পর্যবেক্ষণের জন্য আমাদের দৃষ্টিভঙ্গি অবশ্যই উপরে উল্লিখিত তিনটি মূল নীতি দ্বারা অবহিত করা উচিত: বাসিন্দাদের ক্ষমতা ও অংশগ্রহণ, ব্যক্তিকেন্দ্রিক চ্যালেঞ্জ ও তদারকি এবং উচ্চ গুনগত মান ও প্রযুক্তিগত দক্ষতা।

29 আমরা যেসব পরিবর্তন করছি, তাতে কার্যকরভাবে বাসিন্দাদের জড়িত করা ও চলমান পর্যবেক্ষণ নিশ্চিত করার জন্য আমরা প্রস্তাব করছি:

a. একটি **ইন্ডিপেনডেন্ট এডভাইজারি প্যানেল** গঠিত হবে, এতে অন্তর্ভুক্ত থাকবেন শোকাহত ব্যক্তি, বেঁচে যাওয়া লোকজন, বাসিন্দা এবং সামাজিক আবাসন, নিরাপত্তা, গ্রাহক পরিষেবা, পুনরুদ্ধারমূলক প্র্যাকটিস ও সাংগঠনিক পরিবর্তনের ক্ষেত্রে বিশেষজ্ঞ ব্যক্তিবর্গ। এই প্যানেলটি প্রধান নির্বাহী ও নির্বাহী ব্যবস্থাপনা টিমকে পরামর্শ দেবে। তারা স্বাধীনভাবে এই প্রতিবেদনে নির্ধারিত পদক্ষেপগুলো তদারকি করবে এবং কাউন্সিল এক্সটারনেল চ্যালেঞ্জ, পরামর্শ এবং পুঙ্খানুপুঙ্খ তদন্তের জন্য উন্মুক্ত থাকবে। প্যানেল তার জন্য নির্ধারিত রেফারেন্সের শর্তাদি নিয়ে বাসিন্দা ও নির্বাচিত সদস্যদের সাথে আলোচনা করে একমত হবে, তবে আমরা চাই, এই প্যানেল আমাদের চর্চিত সংস্কৃতির ব্যাপারে আমাদের প্রস্তাবিত স্বাধীন পর্যালোচনাও তদারকি করুক। প্যানেলের পাশাপাশি, আমাদের অগ্রগতি পর্যালোচনা করতে আগ্রহী যেকোনো বাসিন্দা আমাদের সাথে নিয়মিত জড়িত থাকার জন্য একটি প্রোগ্রাম থাকবে।

b. কাউন্সিলের সিদ্ধান্ত গ্রহণ ও **পরিষেবা প্রদানের বিষয়টি কার্যকরভাবে তদারকিএবং** যাচাই-বাছাই করার অনুশীলনে গণতান্ত্রিকভাবে নির্বাচিত সদস্যদের জন্য একটি গুরুত্বপূর্ণ ভূমিকা নিশ্চিত করা, যাতে যাচাইকরণ ব্যবস্থা জোরদার হয়। এর মধ্যে সংস্কৃতির ব্যাপারে স্বাধীন পর্যালোচনায় অগ্রগতি ও প্রাপ্ত তথ্যাদি যাচাই করা এবং উপরে বর্ণিত ইন্ডিপেনডেন্ট এডভাইজরি প্যানেলের নিয়মিত অগ্রগতি প্রতিবেদন বিবেচনা করা অন্তর্ভুক্ত থাকবে। কমিটির কাছে রিপোর্ট করা পরিবর্তনগুলো শক্তিশালী পরিমাণগত ও গুণগত মানসম্পন্ন তথ্য দিয়ে মূর্ত করা হবে এবং কর্ম পরিকল্পনার বিপরীতে ত্রৈমাসিক ভিত্তিতে অগ্রগতি আপডেট করা এর অন্তর্ভুক্ত থাকবে।

c. **বিধিবদ্ধ নিয়ন্ত্রণ ও পরিদর্শন এবং স্থানীয় সরকার সেক্টর প্রদত্ত** সহায়তা ও আশ্বাস সহ এক্সটারনেল তদারকির সাথে সাথে আগেভাগে সক্রিয় হয়ে কাজে সম্পৃক্ত হওয়া। গ্রেনফেল টাওয়ার ট্র্যাজেডির কারণে নতুন বিধিসম্মত গুণগত মান পূরণে আমরা বিল্ডিং সেফটি রেগুলেটর এবং সোশ্যাল হাউজিং রেগুলেটরের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করব। আমরা লন্ডন রেজিলিয়েন্সের মাধ্যমে আমাদের জরুরি পরিকল্পনা ব্যবস্থায় এক্সটারনেল নিশ্চয়তা চাইব এবং আমরা লোকাল গভর্নমেন্ট অ্যাসোসিয়েশনের পিয়ার চ্যালেঞ্জ প্রোগ্রামে অংশ নেওয়া অব্যাহত রাখবো।

**d.** গ্রেনফেল দুর্ঘটনা থেকে শেখার জন্য একটি প্রোগ্রাম তৈরি করতে কমিউনিটি, স্টাফ এবং নির্বাচিত সদস্যদের (ইনডিপেন্ডেন্ট এডভাইজারি প্যানেল সহ) সাথে কাজ করা - **যার মধ্যে রয়েছে**স্টাফ, বাসিন্দা এবং কাউন্সিলরগণ একে অপরের কাছ থেকে শেখার সুযোগ, টাউন হলে সম্ভাব্য স্মৃতিচারণ এবং অন্যান্য সংস্থার সাথে শেখার উপায় শেয়ার করা।

# উপসংহার

30 গ্রেনফেল টাওয়ারের তদন্ত প্রতিবেদনে ১৮টি শিশুসহ ৭২ জনের মৃত্যুর জন্য দায়ী ব্যর্থতার কথা উল্লেখ করা হয়েছে। এই প্রতিবেদনটি তাদের স্মৃতির প্রতি সম্মান জানাতে আমাদের উচ্চাশার একটি স্টেটমেন্ট। আমরা বুঝতে পারছি যে, বাসিন্দারা আরও পরিবর্তনের জন্য অধীর আগ্রহে আছেন, কিন্তু আমাদেরকে অবশ্যই সততার সাথে বলতে হবে যে, এখানে প্রস্তাবিত সংস্কার ও প্রতিশ্রুতিগুলো মৌলিক এবং বাস্তবায়নে সময় লাগবে৷ বাসিন্দাদের সাথে পূর্ণ ও আনুষ্ঠানিক সিদ্ধান্ত গ্রহণের আকারে এবং কঠোরভাবে প্রভাব মূল্যায়ন করে মূর্ত করা সহ নির্দিষ্ট সব পরিবর্তন সাধনের পরিকল্পনা ও বিকাশের জন্য আরও কাজ করা দরকার। এক্সটারনেল তদন্ত ও চ্যালেঞ্জের জন্য প্রস্তাবিত পদ্ধতির মাধ্যমে ও লিডারশিপ টিম, ওভারভিউ ও স্ক্রুটিনি কমিটি এবং পূর্ণ কাউন্সিলের কাছে নিয়মিত গণ প্রতিবেদন পেশ করে বাস্তবায়ন তদারকি করা হবে।

31 এই প্রতিবেদনটি তদন্ত প্রতিবেদনের বিষয়ে কাউন্সিলের প্রকৃত প্রতিক্রিয়া। আমাদের সাড়াদানের পটভূমি, আমাদের গৃহীত ব্যবস্থা এবং শোকাহত ও বেঁচে যাওয়া ব্যক্তি, বাসিন্দা ও নির্বাচিত সদস্যদের ফিডব্যাক, যা আমাদের প্রতিশ্রুতিগুলোকে আকার দিয়েছে - এই প্রতিবেদনে তা সেট করা হয়েছে। উপরে চিহ্নিত ১০টি মূল ক্ষেত্রের প্রতিটির জন্য, তদন্ত প্রতিবেদনে চিহ্নিত প্রধান প্রধান ব্যর্থতা, ২০১৭ সাল থেকে আমরা যেসব মূল মূল পরিবর্তন করেছি এবং যে ক্ষেত্রগুলোতে আরও উন্নতি প্রয়োজন – এই প্রতিবেদনে সেগুলোর রূপরেখা দেয়া হয়েছে। পরিশেষে, চলমান পর্যবেক্ষণ ও জবাবদিহিতার পদ্ধতি এবং তদন্তের সুপারিশগুলোর ব্যাপারে সরকারের চূড়ান্ত প্রতিক্রিয়ার আলোকে এই প্রতিবেদনে উল্লেখিত প্রতিশ্রুতিগুলো পর্যালোচনা করার পরিকল্পনা সেট করা হয়েছে।

32 এই প্রতিবেদনই শেষ পর্যায় নয়, তবে সংশোধন করতে ও স্থায়ী পরিবর্তন সাধনের জন্য কাউন্সিলকে অবশ্যই চলমান প্রক্রিয়ায় আরেকটি পদক্ষেপ নিতে হবে। এই প্রতিক্রিয়ার সাফল্য তখন চূড়ান্তভাবে বিচার করা হবে, যখন বাসিন্দারা কাউন্সিলের সাথে তাদের মিথস্ক্রিয়ায় সত্যিকারের পরিবর্তন দেখতে এবং অনুভব করতে পারবেন। আমরা আমাদের কমিউনিটিগুলোকে সেই পরিবর্তন তৈরি করতে আমাদের সাথে কাজ করতে এবং এটি বাস্তবায়নের জন্য আমাদেরকে জবাবদিহি করতে আমন্ত্রণ জানাই।

©২০২৪ কেনসিংটন ও চেলসি কাউন্সিল (ডিসেম্বর) চাকরির রেফারেন্স: 1782_COP